গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা -২ শাখা

বিষয় : শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদার করণে ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পের ২য় 'প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)'র সভার কার্যবিবরণী।

সভাপতি : কে এম আলী আজম, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ
সভার তারিখ : ১০/১০/২০১৯ খ্রি:
সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু হয়। সভার প্রথমেই আলোচ্যসূচি অনুসারে ধারাবাহিকভাবে আলোচনার জন্য অনুরোধ জানানো হয়।

২। আলোচনা:

২.১ প্রকল্প পরিচালক সভায় প্রথমে বিগত পিএসসি সভার কার্যবিবরণী দৃঢ়করণের অনুরোধ জানান এবং প্রকল্পের গত ৩০-০৫-২০১৯ তারিখে অনুষ্ঠিত পিআইসি সভার সুপারিশসমূহ পর্যালোচনার জন্য উপস্থাপন করে তা অনুমোদনে সভাকে অনুরোধ জানান। তাছাড়া আলোচনায় কমিটি প্রকল্পের বীমা প্রিমিয়াম ও ভ্যাট বাবদ সরকারকে প্রদেয় অর্থ সেনা কল্যাণ সংস্থা 'কে সত্বর পরিশোধের নির্দেশনা দেয়া হয়।

২.২ সভার দ্বিতীয় আলোচ্যসূচিমতে প্রকল্প পরিচালক প্রকল্পকাজের ভৌত ও আর্থিক অগ্রগতির বিষয়ে সভাকে অবহিত করেন যে, চলমান এই প্রকল্পের মেয়াদ আগামী ৩০ জুন ২০২০ সালে শেষ হবে। ইতোমধ্যে প্রকল্পস্থানে নির্মাণ কাজের ৭৩% অগ্রগতি হয়েছে এবং প্রকল্প বাস্তবায়নকারী ঠিকাদারী প্রতিষ্ঠান সেনা কল্যাণ সংস্থা নির্ধারিত সময়ের আগেই প্রকল্প কাজ শেষ করার বিষয়ে আশাবাদী। আর্থিক অগ্রগতির বিষয়ে তিনি জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে প্রকল্পের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে মাত্র ১৫০০.০০ লক্ষ (১৫ কোটি) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে যেখানে শেষ অর্থবছরে অর্থের চাহিদা রয়েছে ৩৯২৫.৯৩ লক্ষ (৩৯ কোটি ২৫ লক্ষ ৯৩ হাজার) টাকার। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাজেটে চাহিদা অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরে প্রকল্পের অনুকূলে ৩৯২৫.৯৩ লক্ষ টাকার সংস্থানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে ইতোমধ্যে শ্রম অধিদপ্তরের নং: ৪০.০২.০০০০.০৩৭.১৪.০০৬.১৯.১১১, তাং: ০৮-০৮-২০১০ স্মারকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে পত্র প্রেরিত হয়েছে। তবে ২০১৯-২০ অর্থ বছরের প্রথম কিস্তিতে কোন অর্থের ব্যয় না হওয়া প্রসঙ্গে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, সেনা কল্যাণ সংস্থা কাজের অনুকূলে কোন বিল দাখিল না করায় কোন ব্যয় সম্ভব হয়নি। এ পর্যায়ে প্রকল্পের আর্থিক অগ্রগতি বাস্তবায়নে ঠিকাদারী প্রতিষ্ঠান সেনা কল্যাণ সংস্থার প্রতিনিধিকে নিয়মিত বিল দাখিলে আরো তৎপর হতে পরামর্শ দেয়া হয়।

২.৩ সভার এ পর্যায়ে প্রকল্প সাইটে পরিদর্শন বাংলোটি নির্মাণ বাতিল করার সিদ্ধান্ত গ্রহণে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকপ্লের ডিজাইনে অন্তর্ভুক্ত পরিদর্শন বাংলো নির্মাণের ক্ষেত্রে প্রকল্পের ঠিকাদারী প্রতিষ্ঠান সেনা কল্যাণ সংস্থার পক্ষে প্রকল্প পরিচালক ও প্রকৌশলী কর্ণেল মাহমুদ প্রকল্প সাইটে পাহাড়ী ধসের কারণে নির্ধারিত জায়গায় প্রস্তাবিত পরিদর্শন বাংলোটি নির্মাণ করা অতন্ত্যঝুকিপূর্ণ ও আর্থিকভাবে সাশ্রয়ী নয় বলে অভিমত ব্যক্ত করেন এবং এমতে বিগত PIC সভায় পরিদর্শন বাংলোটি নির্মাণ বাতিল করার সুপারিশ গৃহিত হয়। তাছাড়া প্রকল্প সাইটে অন্য কোন খালী জায়গা না থাকায় তা নির্মাণের বিকল্প ব্যবস্থাও নেয়া সম্ভব নয় বিধায় প্রকল্প পরিচালক প্রকল্প হতে পরিদর্শন বাংলোটি নির্মাণ বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করতে সভাকে অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সভার

-৬০

সদস্যবৃন্দ সর্বসম্মতিক্রমে প্রকল্পের নির্মাণ কাজ হতে পরিদর্শন বাংলোটি নির্মাণ বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করেন এবং প্রকল্প স্থানে নির্মিত ০৪ তলা বিশিষ্ট অফিসার্স কোয়াটারের ৩য় ও ৪র্থ তলায় যথাযথ কক্ষ বিন্যাসের মাধ্যমে পরিদর্শন বাংলোর সুবিধাদি রাখার প্রয়োজনীয় ব্যবস্থা করতে সেনা কল্যাণ সংস্থার পক্ষে প্রকল্প পরিচালক ও প্রকৌশলীকে পরামর্শ দেন। তাছাড়া পরিদর্শন বাংলো ব্যতীত প্রকল্প স্থানের হালনাগাদ নকশা প্রণয়ণপূর্বক তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করিয়ে নেয়ার জন্য সেনা কল্যাণ সংস্থার প্রতিনিধিকে পরামর্শ দেয়া হয় এবং পরবর্তী সভায় একটি ভবন নির্মাণ বাতিল ও অন্যান্য নির্মিত ভবনসমূহের প্লিন্থ এরিয়া নির্ধারণে ডিপিপি'র প্রাক্কলনে আর্থিক ব্যবস্থাপনায় কি পরিবর্তন সাধিত হয় তা হিসাব করে উপস্থাপন করতে সেনা কল্যাণ সংস্থার পক্ষে প্রকল্প পরিচালক ও প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। প্রাপ্ত প্রতিবেদন ও পরিবর্তিত নকশামতে ডিপিপি রিভাইজ করার বিষয়ে পরবর্তী PSC সভায় সিদ্ধান্ত গৃহিত হবে বলে সভার সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন।

৩। সিদ্ধান্ত:

৩.১ বিগত পিএসসি সভার কার্যবিবরণী দৃঢ়করণ এবং প্রকল্পের গত ৩০-০৫-২০১৯ তারিখে অনুষ্ঠিত পিআইসি সভার সুপারিশসমূহ গৃহিত হলো।

৩.২ সেনা কল্যাণ সংস্থা প্রকল্পের বীমা প্রিমিয়াম ও ভ্যাট বাবদ সরকারের প্রাপ্য নির্ধারিত অর্থ সত্বর পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবে।

৩.৩ প্রকল্পের আর্থিক অগ্রগতি বাস্তবায়নে ঠিকাদারী প্রতিষ্ঠান সেনা কল্যাণ সংস্থা বিগত তিন মাসের বিল অতিসত্বর দাখিল করবে এবং নিয়মিত বিল দাখিলে আরো তৎপর হবে।

৩.৪ প্রকল্পের নির্মাণ কাজ হতে পরিদর্শন বাংলোটি নির্মাণ বাতিল করার সিদ্ধান্ত গৃহিত হলো।

৩.৫ প্রকল্প স্থানে নির্মিত ০৪ তলা ভবন বিশিষ্ট অফিসার্স কোয়াটারের ৩য় ও ৪র্থ তলায় যথাযথ কক্ষ বিন্যাসের মাধ্যমে পরিদর্শন বাংলোর সুবিধাদি রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সেনা কল্যাণ সংস্থার পক্ষে প্রকল্প পরিচালক ও প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হলো।

৩.৬ পরিদর্শন বাংলো ব্যতীত প্রকল্প স্থানের হালনাগাদ নকশা প্রণয়ণপূর্বক তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করিয়ে নেয়ার জন্য সেনা কল্যাণ সংস্থার প্রতিনিধিকে পরামর্শ দেয়া হলো।

৩.৭ পরবর্তী PIC সভায় সুপারিশ প্রদানের জন্য একটি ভবন নির্মাণ বাতিল ও অন্যান্য নির্মিত ভবনসমূহের প্লিন্থ এরিয়া নির্ধারণে ডিপিপি'র প্রাক্কলনে আর্থিক ব্যবস্থাপনায় কি পরিবর্তন সাধিত হয় তা হিসাব করে উপস্থাপন করতে সেনা কল্যাণ সংস্থার প্রতিনিধিকে পরামর্শ দেয়া হলো।

পরিশেষে সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১০/১৯

(কে এম আলী আজম)
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ও
সভাপতি, প্রজেক্ট স্টিয়ারিং কমিটি